

তারিখ
পৃষ্ঠা ৩ কলাম

শিক্ষা প্রতিষ্ঠানের স্থাপত্য কৌশল শিক্ষার্থীদের মনকে প্রভাবিত করে শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ৪ গতকাল (শনিবার) শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক বলেছেন, শিক্ষার পরিবেশ নির্মাণে প্রকৌশলীদেরও দায়িত্ব রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানের স্থাপত্য কৌশল ও শিক্ষার্থীদের মনকে প্রভাবিত করে থাকে। মুক্ত আলোবাতাস ও স্বাস্থ্যকর শিক্ষার পরিবেশ নির্মাণে ডিপ্লোমা শিক্ষা প্রকৌশলীদের আন্তরিক হতে হবে। তিনি ডিপ্লোমা শিক্ষা প্রকৌশলীদের ন্যায়সঙ্গত দাবী-দাওয়া পূরণের জন্য একটি কমিটি গঠনের ঘোষণা দেন।

গতকাল বিয়াম মিলনায়তনে শিক্ষা অধিদফতর ডিপ্লোমা প্রকৌশলী সমিতি আয়োজিত 'শিক্ষার পরিবেশ উন্নয়নে শিক্ষা প্রকৌশলীদের কার্যক্রম' শীর্ষক এক আলোচনা সভা ও ইফতার মাহফিলে তিনি প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। শিক্ষা সচিব শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বক্তব্য রাখেন সমিতির সভাপতি জুলফিকার আলী হায়দার, সাধারণ সম্পাদক সেলিম হোসেন, ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সের সহসভাপতি মনিরুল হক খান প্রমুখ। সভায় শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিটু উপস্থিত ছিলেন।